

আইডিপি এস-একক প্রিমিয়াম পরিকল্পনা

সীমিত আয়ের গ্রাহকদের দীর্ঘদিনের চাহিদার প্রতি লক্ষ্য রেখে আইডিপিএস প্রকল্পের অধীনে প্রণয়ন করা হয়েছে একটি ব্যতিক্রমী সঞ্চয়ধর্মী পরিকল্পনা “আইডিপিএস- একক প্রিমিয়াম”। এ পরিকল্পনে মুনাফার হার আকর্ষণীয় এবং মেয়াদপূর্তির পূর্বেই সম্ভাব্য মুনাফার সিংহভাগ নিয়মিত হারে প্রদান করা হবে এবং মেয়াদান্তে মুদারাবা সঞ্চয় অর্জিত মুনাফা প্রিমিয়ামের সাথে এককালীন প্রদান করা হবে।

এ পরিকল্পনে প্রিমিয়ামের পরিমাণ গ্রাহক নিজেই নির্ধারণ করবেন এবং প্রিমিয়ামের উপর ভিত্তি করে ভিন্ন ভিন্ন মেয়াদের জন্য আলাদা বীমা ঝুঁকির অংক এবং প্রদেয় মুনাফার পরিমাণ নির্ধারিত হবে। এ বিশেষ পরিকল্পনে এককালীন প্রিমিয়াম দিতে হয় বিধায় গ্রাহকদের জন্য সুবিধাজনক।

এ পরিকল্পনে ৫, ৭ এবং ১০ বছর মেয়াদী পলিসি নেওয়া যায়। সর্বনিম্ন প্রিমিয়াম ১০,০০০/- এবং সর্বোচ্চ প্রিমিয়াম ২,০০,০০০/- তবে কোম্পানীর অনুমোদন সাপেক্ষে ৩ লক্ষ টাকার অধিক প্রিমিয়াম পলিসি নেয়া যাবে। পলিসি শুরু করার সময় গ্রাহকের সর্বোচ্চ বয়সসীমা ৪৫ বছর।